

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ
আইসিটি শাখা

www.habiganj.gov.bd

সভাপতি	মর্জিনা আক্তার অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
সভার তারিখ	১৭.০২.২০১৯ খ্রি:
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, হবিগঞ্জ
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

জেলা ইনোভেশন টিমের ফেব্রুয়ারি, ২০১৯ মাসের সভার কার্যবিবরণী:

সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সহকারী কমিশনার (আইসিটি) কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনামতে জেলা ও উপজেলা পর্যায়ে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন কাঠামো, ২০১৮-২০১৯ বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক তথ্য সংক্রান্ত পত্র উপস্থাপন করা হয়। মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক প্রয়োজনীয় তথ্য যথাসময়ে প্রেরণ করার জন্য জেলা ও উপজেলা ইনোভেশন টিমগুলোকে স্ব স্ব তথ্য প্রতিবেদন যথাসময়ে দাখিল করার জন্য অনুরোধ জানানো হয়। তাছাড়া হবিগঞ্জ জেলায় চলমান ইনোভেশন আইডিয়া/উদ্যোগসমূহের কার্যক্রম আরো গতিশীল করতে হবে এবং চলমান প্রকল্পসমূহ তদারকি করতে হবে, এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।

২. জেলা ইনোভেশন টিমের সদস্যদের প্রতিমাসে উদ্ভাবনী উদ্যোগ সরেজমিনে পরিদর্শনের বিষয়ে আলোচনা করা হয়। উপজেলা ইনোভেশন অফিসারগণকে উপজেলা প্রকল্পসমূহ তদারকিসহ উপজেলা ইনোভেশন টিমের সভা নিয়মিত করে কার্যবিবরণী প্রেরণ করার জন্য অনুরোধ করা হয়। অতঃপর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা ও সিদ্ধান্ত	বাস্তবায়ন কারী কর্তৃপক্ষ
০১	ইনোভেশন উদ্যোগ সমূহ তদারকি সংক্রান্ত	জেলা ও উপজেলা ইনোভেশন টিমের সদস্যগণ উদ্ভাবনী উদ্যোগসমূহের কাজের অগ্রগতি, বাস্তবায়ন ও মনিটর কার্যক্রমে সক্রিয় ভূমিকা রাখবেন। প্রতিমাসে উদ্ভাবনী উদ্যোগসমূহের কার্যক্রম পর্যালোচনা করবেন এবং প্রতিমাসে ০১টি উদ্ভাবনী উদ্যোগ নিয়মিত দর্শন/পরিদর্শন করে এ কার্যালয়কে অবহিত করার জন্য জেলা ও উপজেলা ইনোভেশন টিমের সদস্যগণকে অনুরোধ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা ইনোভেশন অফিসার/উপজেলা ইনোভেশন টিমের সদস্যবৃন্দ।

০২	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন সংক্রান্ত	মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী উপজেলা ইনোভেশন টিম স্বীয় অধিক্ষেত্রে বাস্তবমুখী বাৎসরিক কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন নিশ্চিত করবেন। মাসিক সভায় বাৎসরিক কর্মপরিকল্পনা ও ইনোভেশন টিমের কার্যক্রম মূল্যায়ন করতে হবে। এ সংক্রান্ত বাৎসরিক প্রতিবেদন স্ব স্ব ওয়েবসাইটে প্রকাশ এবং এর কপি বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট এবং মন্ত্রিপরিষদ বিভাগ, ও এটুআই প্রোগ্রামে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা ইনোভেশন অফিসার (সকল), হবিগঞ্জ।
০৩	ইউডিসি সংক্রান্ত	জেলাধীন জেলা ও উপজেলার সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারের তথ্য আপলোড নিয়মিত হচ্ছে না মর্মে সভায় অসন্তোষ প্রকাশ করা হয়। এ বিষয়ে উদ্যোক্তাদের সমন্বয়ে সভা আহবানপূর্বক নিয়মিত মাসিক আয় ও তথ্য আপলোডের বিষয়টি অবহিত করার লক্ষ্যে সকল উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করা হয়। বিষয়টি আলোচনাপূর্বক ইউডিসিকে আরো গতিশীল করার লক্ষ্যে তথ্য আপলোড নিয়মিত হচ্ছে কি-না বিষয়টি মনিটর করার জন্য সহকারী কমিশনার (আইসিটি) ও সহকারী প্রোগ্রামারকে অনুরোধ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা ইনোভেশন অফিসার (সকল), হবিগঞ্জ/সহকারী কমিশনার (আইসিটি)/সহকারী প্রোগ্রামার, হবিগঞ্জ।
০৪	পোর্টাল সংক্রান্ত।	এ জেলায় ৮টি উপজেলা ও ৭৭টি ইউনিয়ন ডিজিটাল সেন্টার রয়েছে। সভায় জেলা পোর্টাল নিয়মিত হালনাগাদ করার জন্য সহকারী কমিশনার (আইসিটি) কে অনুরোধ করা হয়। এছাড়া হবিগঞ্জ সদর, লাখাই ও নবীগঞ্জ উপজেলায় উপজেলা ও ইউনিয়ন পোর্টালসমূহের তথ্য হালনাগাদ আপলোড করা হচ্ছে কি-না তা মনিটর করার জন্য যথাক্রমে সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখাকে এবং চুনারুঘাট, মাধবপুর, বানিয়াচং, বাহবল ও আজমিরীগঞ্জ উপজেলায় উপজেলা ও ইউনিয়ন পোর্টালসমূহের তথ্য হালনাগাদ আপলোড করা হচ্ছে কি-না তা মনিটর করার জন্য মাধবপুর উপজেলায় কর্মরত সহকারী প্রোগ্রামারকে অনুরোধ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা ইনোভেশন অফিসার (সকল), হবিগঞ্জ/সহকারী কমিশনার (আইসিটি)/সহকারী প্রোগ্রামার, হবিগঞ্জ
০৫	মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত	জেলা ইনোভেশন কমিটি কর্তৃক মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন জোরদার করতে হবে। শিক্ষার মানোন্নয়নে মাল্টিমিডিয়া ক্লাসরুম আরো গতিশীল এবং অর্থবহ করার পদক্ষেপ গ্রহণের জন্য জেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। এছাড়া ইনোভেশন টিমের সদস্যবৃন্দ কর্তৃক মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন করার অনুরোধ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা ইনোভেশন অফিসার (সকল), হবিগঞ্জ/জেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ
০৫	মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত	জেলা ইনোভেশন কমিটি কর্তৃক মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন জোরদার করতে হবে। শিক্ষার মানোন্নয়নে মাল্টিমিডিয়া ক্লাসরুম আরো গতিশীল এবং অর্থবহ করার পদক্ষেপ গ্রহণের জন্য জেলা শিক্ষা অফিসারকে অনুরোধ জানানো হয়। এছাড়া ইনোভেশন টিমের সদস্যবৃন্দ কর্তৃক মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন করার অনুরোধ করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা ইনোভেশন অফিসার (সকল), হবিগঞ্জ/জেলা শিক্ষা অফিসার, হবিগঞ্জ

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা

করেন।



মর্জিনা আক্তার
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)

স্মারক নম্বর: ০৫.৪৬.৩৬০০.০১৪.০১.০০৬.১৬ .৮২

তারিখ: ১৫ ফাল্গুন ১৪২৫

২৭ ফেব্রুয়ারি ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
- ৩) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ
- ৪) জেলা নির্বাচন কর্মকর্তা, হবিগঞ্জ
- ৫) জেলা শিক্ষা কর্মকর্তা, হবিগঞ্জ
- ৬) সহকারী কমিশনার (গোপনীয়), গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ
- ৭) সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ
- ৮) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, হবিগঞ্জ
- ৯) জনাব মো: আবু ছিদ্দিক আকন্দ, ইন্সট্রাক্টর (গণিত), হবিগঞ্জ টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ
- ১০) জনাব নিখিল রঞ্জন শর্মা, সিনিয়র মেডিক্যাল টেকনোলজিস্ট, সিভিল সার্জন অফিস, হবিগঞ্জ।



মর্জিনা আক্তার
অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)